

বাংলাদেশের প্রধানমন্ত্রী ভারতের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করলেন

জুন 22, 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী মাননীয় শেখ হাসিনা আজ (২২ জুন ২০২৪) রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে, নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের কয়েক দিন পর আবার তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে পেরে তিনি অভিভূত। তিনি বলেন, এই নিয়মিত সাক্ষাৎগুলিই ১৯৭১-এর বাংলাদেশের মুক্তিযুদ্ধের কারণে শুরু হওয়া বন্ধুত্ব ও সহযোগিতার এক স্থায়ী চেতনার ফলাফল।

রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করে বলেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই বাংলাদেশ উল্লেখযোগ্য অর্থনৈতিক অগ্রগতিতে সমৃদ্ধি লাভ করেছে।

রাষ্ট্রপতি উল্লেখ করেন যে ভারত ও বাংলাদেশ বিভিন্ন ক্ষেত্রে তাদের পারস্পরিক সহযোগিতাকে জোরদার করতে নিরন্তর এগিয়ে চলেছে এবং নতুন খাতেও প্রবেশ করতে সমর্থ হয়েছে। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে বলেন যে এই উদ্যোগ ভারত-বাংলাদেশ সম্পর্কের ভবিষ্যৎ পথ নির্দেশনায় সহায়তা প্রদান করবে।

একটি উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ আলোচনার মধ্যে দিয়ে উভয়েই অর্থনৈতিক সম্পর্ক, উন্নয়ন অংশীদারিত্ব, প্রতিরক্ষা সহযোগিতা, জ্বালানি নিরাপত্তা এবং সংযোগ সহ সব ক্ষেত্রে সম্পর্ক বৃদ্ধির জন্য একসঙ্গে কাজ করার বিষয়ে সহমত পোষণ করেন।

এটি তাঁর ০৯ জুন ২০২৪-এ নতুন সরকার গঠনের পর ভারতে প্রথম রাষ্ট্রীয় সফর।

নতুন দিল্লি

জুন 22, 2024